পশ্চিমবঙ্গ সরকার
জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিকের করণ
উত্তর ২৪-পরগনা, বারাসাত

Memo no. L-14012/1/2015-DL&LRO/ 2475 Dated: 15.09.2022

## বিজ্ঞপ্তি

এতদ্বারা উত্তর ২৪-পরগনা জেলায় সমস্ত মৎস্যজীবী সমবায় সমিতি/মৎস্য উৎপাদন গোষ্ঠী/স্বয়ম্ভর গোষ্ঠী কে জানানো যাচ্ছে যে, ১৯৯১ সালের পশ্চিমবঙ্গ এর ভূমি ও ভূমি সংস্কার নির্দেশিকায় ১৭ নং পরিচ্ছেদের ২৭২ নং বিধি এবং জেলা শাসক, উত্তর ২৪-পরগনা সরকারী জলাশয়ের বন্দোবস্ত সম্পর্কিত কমিটির সম্মতিক্রমে অত্র জেলার পনেরটি জলকরের বন্দোবস্তের জন্য দরপত্র আহ্বান করা হচ্ছে। বিজ্ঞপ্তির সহিত সংযুক্ত জলকরগুলি সাত বছর এবং পাঁচ বছরের জন্য নিম্নলিখিত শর্ত সাপেক্ষে মেয়াদী বন্দোবস্ত দেওয়া হবে। বন্দোবস্ত গ্রহণে ইচ্ছুক মৎস্যজীবী সমবায় সমিতি/মৎস্য উৎপাদন গোষ্ঠী/স্বয়ম্ভর গোষ্ঠী (মৎস্যচাষের সাথে যুক্ত) নিকট থেকে ১০ টাকার কোর্ট ফি সংযুক্ত দরখাস্তে গালা করা মুখবন্ধ খামে জলকরের জন্য সীলকরা দরপত্র আহ্বান করা হচ্ছে। দরপত্র এবং অন্যান্য কাগজগুলি নিম্নলিখিতকরণে সীল করা বাক্সে জমা দিতে হবে। কার্যকরী মৎস্যজীবী সমবায় সমিতিগুলি আইন অনুযয়ী অধিকার দেওয়া হবে।

### শর্তাবলী

১) দরপত্র দাখিলকারী সমবায় সমিতি/মৎস্য উৎপাদন গোষ্ঠী/স্বয়ম্ভর গোষ্ঠীর রেজিস্ট্রেশান সংক্রান্ত কাগজপত্র সমবায় সমিতি/মৎস্য উৎপাদন গোষ্ঠী/স্বয়ম্ভর গোষ্ঠীর সম্পাদকের স্বাক্ষর ও সিলমোহর সহ একটি পৃথক খামে জমা দিতে হবে, সঙ্গে জলাশয়ের পাশে উল্লেখিত ন্যূনতম ধার্য মূল্যের এক দশমাংশ পরিমাণ অর্থ আর্নেস্ট মানি হিসাবে ব্যাংক ড্রাফট মারফত ADM & DL&LRO, North 24-Parganas এর নামে জমা দিয়ে Sealed bid এ অংসগ্রহন করিতে হইবে।

2) দ্বিতীয় খামের উপর সমবায় সমিতির/মৎস্য উৎপাদন গোষ্ঠী/স্বয়ম্ভর গোষ্ঠীর সিলমোহর লাগাতে হবে ও কোন জলকরের জন্য দরপত্র দেওয়া হচ্ছে তাহার উল্লেখ করতে হবে।

৩) খাম দুইটি একটি বড় খামের মধ্যে ভেতরে রেখে ঐ খামটি মুখবন্ধ অবস্থায় সমবায় সমিতি/মৎস্য উৎপাদন গোষ্ঠী/স্বয়ম্ভর গোষ্ঠীর সিলমোহর সহ সংশ্লিষ্ট দপ্তরের রক্ষিত বাক্সে জমা দিতে হবে।

৪) দরপত্র দরের পরিমাণ অংকে ও কথায় উল্লেখ করতে হবে।

৫) দুই বা ততোধিক সমিতি/গোষ্ঠীযক্ত নামে নিলামে অংশগ্রহণ করতে পারবে না।

৬) দরপত্র আগামী ইংরাজী ১৯/০৯/২০২২ তারিখ থেকে ২৯/০৯/২০২২ বেলা ১১টা থেকে বেলা ৩টা পর্যন্ত প্রতি কাজের দিন গ্রহন করা হবে।

৭) দরপত্র গ্রহণের স্থান- জেলা ভূমি ও ভূমি সংস্কার দপ্তর, ৩য় তলা কালেক্টরেট বিল্ডিং, বারসাত, উত্তর ২৪-পরগনা।

৮) ইং ১২/১০/২০২২ তারিখে বেলা ১২টার সময় দরপত্রগুলি জেলা ভূমি ও ভূমি সংস্কার দপ্তর কর্তৃক, উপস্থিত দরপত্র প্রদানকারীদের সংমুখে খোলা হবে এবং দরপত্রগুলি বিবেচনা হবে।

৯) যে সকল দরপত্র গ্রহণযোগ্য বলে গন্য হবে সেটি গ্রহণ করা সর্বদায় যথাযত ঊর্ধ্বতন কর্তৃপক্ষের মঞ্জুরী ও অনুমোদন সাপেক্ষে।

১০) দরপত্র অনযায়ী নিরুপিত সর্বচ্চ দর বা প্রস্তাবিত ন্যূনতম দরের কমপক্ষে ২৫ শতাংশ ধার্য এর দিনই ডাককর্তার নিকট এককালীন নগদে জমা দিতে হবে, বাকী অর্থ পরবর্তী তিন (৩) মাসের মধ্যে ই-চালানে জমা দিতে হবে। না জমা দিতে পারলে সেই দরপত্রটি বাতিল হবে এবং আর্নেস্ট মানি সহ আগেকার জমা দেওয়া অর্থ বাজেয়াপ্ত করা হবে।

১১) এইরুপ বাতিলীকৃত দরপত্র প্রদানকারী পুনরায় দরপত্র প্রদান করিতে পারিবেন না। এছাড়া প্রথম দরপত্র বাতিল করে দ্বিতীয় দরপত্র আহ্বান করার ক্ষেত্রে দর যদি প্রথম দরপত্রের দর অপেক্ষা কম হয় সেক্ষেত্রে যে পরিমাণ টাকা কম হবে তাহা বাতিলীকৃত দরপত্র প্রদানকারী আদায় দিতে বাধ্য থাকবেন। আপোষে আদায় না দিলে পঃ বঃ পি.ডি.আর অ্যাক্ট মূলে আদায়যোগ্য হবে।

১২) কালো তালিকাভূক্ত সমিতি/গোষ্ঠী অথবা যে সমস্ত সমিতির/গোষ্ঠীর দরপত্র গ্রহন উর্দ্ধতন কর্তৃপক্ষের দ্বারা সাময়িক ভাবে নিষিদ্ধ হয়েছে অথবা যে সমস্ত সমিতির/গোষ্ঠীর পূর্বেই দেয় রাজস্ব দরপত্র গ্রহণের তারিখ পর্যন্ত পরিশোধ হয়নি তাহারা দরপত্র দাখিল করতে পারবেন না বা দাখিল করলেও তাহা গ্রাহ্য হইবে না।

১৩) বন্দোবস্ত নেওয়ার ১৫ (পনের) দিনের মধ্যে প্রয়োজনীয় চুক্তিপত্র সম্পাদান ও ইজারাদারদের নিজ খরচে ঐ চুক্তিপত্র রেজিস্টারি করতে হবে। চুক্তিপত্র সম্পাদান না করলেও সরকারের অনুমোদিত চুক্তিপত্রের প্রতি টি ধারা ইজারাদারদের উপর বর্তাবে ও প্রযোজ্য হবে এবং প্রয়োজনবোধে কর্তৃপক্ষ উক্ত বন্দোবস্ত বাতিল করতে পারবেন।

১৪) কোন কারণ দর্শীয়ে নিম্ন স্বাক্ষরকারী ও উর্দ্ধতন কর্তৃপক্ষের দরপত্র গ্রহন, বর্জন, পরিবর্ধন ও পরিমার্জন করার আধিকার থাকবে।

১৫) সর্বচ্চ দর আশানুরুপ না হলে নিম্ন স্বাক্ষরকারী পুনরায় দরপত্র আহ্বান করতে পারবেন।

১৬) সংরক্ষিত মূল্য সংলগ্নপত্রে উল্লেখিত জলকরটির পাশে উল্লেখ করা হইল।

১৭) বন্দোবস্ত গ্রহণকারীরা চুক্তিপত্রের শর্তাবলী ও ইজারাকেলের মধ্যে নূতন কোন শর্ত আরোপকৃত হলে তাহাও মেনে চলতে বাধ্য থাকবেন।

১৮) নিরুপিত সর্বচ্চ দর যাহা সকল ইজারাদারকে প্রথম বছরের জন্য দিতে হবে তা পরবর্তী বছরগুলিতে পূর্বের বছরের ৫ (পাঁচ) শতাংশ হারে বর্ধিত হবে।

১৯) সমস্ত মৎস্যজীবী সমবায় সমিতির কর্তৃপক্ষগণকে মীণধার বিষয়ক জলকর বন্দোবস্ত সম্পর্কিত সমস্ত আইন ও প্রচলিত বিধিনিষেধ মানিয়া চলিতে হইবে।

**বন্দোবস্ত (লিজ)দেবার সরকারী খাস জলাভূমির তালিকা ও বিবরণ**

| ক্রমিক সংখ্যা | সমষ্টি | জলাভূমির নাম | মৌজা | জে.এল. নং | দাগ নং | জলাভূমির আয়তন (একর) | রিসার্ভ প্রাইজ | মন্তব্য (লিজের সময়) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | বনগাঁও | মাধবপুব বিল | মাধবপুব | ৬৭ | ২৪ | ১৩.৯৭ | ১২,৫১৬/- | পাঁচ |
| ২ | বনগাঁও | মানিক কোল বিল | মানিক কোল | ৮৭ | ২৬০, ২/৩১৯ | ৪.৮৭ | ৪০,০০৫/- | পাঁচ |
| ৩ | বনগাঁও | পলতা বাঁওর | পলতা | ১০৪ | ৬৮৬/১২৪৮, ৭০৪/১২৫০ | ২.১২ | ২০,৫৭৪/- | পাঁচ |
| ৪ | বনগাঁও | শৈলী খাল | শৈলী | ৭৬ | ১৩২ | ২.৬৭ | ২০,৫৭৪/- | পাঁচ |
| ৫ | বনগাঁও | দারাশিনি বাঁওর | দরবাশিনি | ৮৪ | ৪৬১ | ১.৮ | ১৮,০৩৮/- | পাঁচ |
| ৬ | বনগাঁও | চিথালিয়া | চিথালিয়া | ৯৬ | | ২.২৩ | ২০,২৯৩/- | পাঁচ |

## বন্দোবস্ত (লিজ)দেবার সরকারী খাস জলাভূমির তালিকা ও বিবরণ

| ক্রমিক সংখ্যা | সমষ্টি | জলাভূমির নাম | মৌজা | জে.এল. নং | দাগ নং | জলাভূমির আয়তন (একর ) | রিসার্ভ প্রাইজ | মন্তব্য (লিজের সময়) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৭ | বনগাঁও | চৌবেড়িয়া চক | চৌবেড়িয়া চক | ১৩৬ | | ৩.২৪ | ২৮,১৮৫/- | পাঁচ |
| ৮ | হাবরা-১ | কে. এম. ট্যাঙ্ক | গোবর ডাঙ্গা | ১৬১ | | ০.২৬ | ২,৭১২/- | পাঁচ |
| ৯ | হাবরা-১ | যমুনা জলকর | রানিডাঙ্গা | ১৭২ | | ৬.৩১ | ৫০,২০৫/- | পাঁচ |
| ১০ | হাবরা-২ | চাঁপাগাছি পুকুর | চাঁপাগাছি | ৪৮ | | ২.০২৪ | ৩০,৪০০/- | পাঁচ |
| ১১ | হাবরা-২ | আসুদি বিল | আসুরি | ৮ | | ৮.৫৯ | ৭০,৮৮৪/- | পাঁচ |
| ১২ | হাড়য়া | কামারগাতি | কামারগাতি | ৪৫ | | ২.০২ | ২৯,০১০/- | পাঁচ |
| ১৩ | হাড়য়া | মুন্সিঘেরী | মুনশেরঘেরী | ৭৫ | ৭৭৫ | ২.০৪ | ৩০,৪০০/- | পাঁচ |
| ১৪ | হাড়য়া | নেবুতলা আবাদ | নেবুতলা আবাদ | ১৩৮ | ৩৯৯ | ২.০৪ | ৩০,৪০০/- | পাঁচ |
| ১৫ | বসিরহাট-২ | ঘোরাস দিঘি | জাফরপুর | ৬২ | | ৫.৫৩ | ৭৪,৪৭৫/- | পাঁচ |

অতিরিক্ত জেলাশাসক
এবং
জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক
উত্তর ২৪-পরগনা, বারাসাত

Memo no. L-14012/1/2015-DL&LRO/ 2475/1 (25) Dated: 15.09.2022

Copy forwarded for information and wide publicity to:-

1. District Magistrate, North 24-Parganas, Barasat.
2. The Additional Executive Officer, North 24-Parganas Zila Parishad.
3. The P.D.D.R.D.C., North 24-Parganas, Barasat with a request to provide a list to recommend Functional SHG group (Grade One Passed) with financial capability for participating in the tender process.
4. The D.I. & C.O., North 24-Parganas, Barasat for wide publicity.
5. The DIO, NIC, North 24-Parganas with a request to upload the notice in the Website.
6. The Assistant Director of Fisheries, North 24-Parganas with a request to provide a list of Functional Fisherman Co-Operative Societies/ Fish Production Group with a certificate of financial capability. He is requested to keep tender box at their office premises and submit the same by 11.10.2022 at the office of the undersigned. He is also requested to remain present at the time of opening of the tender(s).

7-9) The Sub-Divisional Officer, Barasat/Bongaon/Basirhat, North 24-Parganas. He is requested to keep tender box at their office premises and submit the same by 11.10.2022 at the office of the undersigned. He is also requested to remain present at the time of opening of the tender(s).

10. The Assistant Registrar of Co-Operative Societies, North 24-Parganas, Barasat with the request to remain present at the time of opening of the tender(s).

11-13. The Sub-Divisional Land & Land Reforms Officer, Barasat/Bongaon/Basirhat, North 24 Parganas.

14-19. The Block Development Officer & Executive Officer, Habra-I/ Habra-II/ Rajarhat/ Bongaon/ Haroa/ Basirhat-II , North 24-Parganas. He is requested to circulate the same among concerned Chairman/Sabhapati/Pradhan whichever is applicable.

20-25. The Block Land & Land Reforms Officer, Habra-I/ Habra-II/ Rajarhat/ Bongaon/ Haroa/ Basirhat-II Block/All Panchayat Samity, North 24-Parganas.

Additional District Magistrate &
District Land & Land Reforms Officer, and Convener
District Level Committee for Settlement of Govt. water bodies,
North 24-Parganas, Barasat.